

১/৫

সূত্র : ২৮.২৭.০০০০.০০৫.১৫.০০১.১৮-৮৪০

তারিখঃ ২৫/০৬/২০২০ খ্রিঃ।

অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রশাসন-১ অধিশাখার স্মারক নং ২৮.০০.০০০০.০২০.১৯.০০১.২০.১৩৯৪ তারিখ ০৯ জুন ২০২০ এর নির্দেশনা অনুযায়ী, করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব বৈশ্বিক মহামারীর অংশ হিসেবে আমাদের দেশেও দ্রুত বিস্তার লাভ করেছে। দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তার রোধে বর্তমান সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। করোনা ভাইরাসের বিস্তার রোধে সরকারের পাশাপাশি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগও বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে।

করোনা ভাইরাস (কোভিড-১৯)-এ আক্রান্ত কোম্পানির কর্মকর্তা/কর্মচারীদের সার্বিক সহযোগিতার জন্য এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তরকে একটি কুইক রেসপন্স টিম (Quick Response Team) গঠন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ ধরনের Quick Response Team গঠনের জন্য বিপিসি থেকে সম্মতি দেয়া হয়েছে।

এতদপ্রেক্ষিতে করোনা ভাইরাস (কোভিড-১৯)-এ আক্রান্ত অত্র কোম্পানির চট্টগ্রাম ও কৈলাশটিলা প্ল্যান্টের কর্মকর্তা/কর্মচারীদের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য নিম্নরূপভাবে কর্মকর্তা ও শ্রমিক প্রতিনিধিদের সমন্বয়ে একটি কুইক রেসপন্স টিম (Quick Response Team) গঠন করা হলো:

কমিটি:

চট্টগ্রাম প্ল্যান্ট

- ১) জনাব মোঃ আনোয়ার হোসেন  
ডিজিএম (এএন্ডপি)
- ২) জনাব মোঃ নেয়ামত উল্লাহ  
এজিএম (এএন্ডএফ)
- ৩) জনাব মোঃ ছিদ্দিক হোসেন  
এজিএম (ইঞ্জিঃ)
- ৪) ডাঃ মোঃ শোয়েব  
মেডিক্যাল রিটেইনার (চট্টগ্রাম প্ল্যান্ট)
- ৫) জনাব মোঃ আসাদুজ্জামান  
ব্যবস্থাপক (অপাঃ ও রক্ষণাবেক্ষণ)
- ৬) জনাব মোঃ জহুর আলম  
সভাপতি (সিবিএ)
- ৭) জনাব মোঃ আবুবক্কর  
সাধারণ সম্পাদক (সিবিএ)

কৈলাশটিলা প্ল্যান্ট

- ১) জনাব আবদুল মোমেন খান  
ব্যবস্থাপক (অপাঃ ও রক্ষণাবেক্ষণ)
- ২) জনাব মোঃ মনিরুজ্জামান ভূইয়া  
ব্যবস্থাপক (ইন্সঃ ও ইলেকট্রিক্যাল)
- ৩) জনাব তালুকদার ওয়ালীউল্লাহ  
সহঃ ব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)
- ৪) ডাঃ মোঃ রুহুল আমিন  
মেডিক্যাল রিটেইনার (কেটিএল প্ল্যান্ট)
- ৫) জনাব ফয়সল আহমদ খান  
সহঃ সভাপতি (সিবিএ)
- ৬) জনাব মাতলুব আহমেদ  
সহঃ সাধারণ সম্পাদক (সিবিএ)

কমিটির সদস্যবৃন্দ অত্র কোম্পানির চট্টগ্রাম ও কৈলাশটিলা প্ল্যান্টে কোন কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারী করোনা ভাইরাসে আক্রান্ত হলে পরিস্থিতি বিবেচনায় এক্ষেত্রে সার্বিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া গঠিত কমিটি কোভিড-১৯ প্রতিরোধ সংক্রান্ত যাবতীয় করণীয় নির্ধারণ ও কার্যক্রম গ্রহণের জন্য সুপারিশ প্রণয়ন করবেন এবং সময়ে সময়ে তা ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করবেন।

(মোঃ আনোয়ার হোসেন)  
উপ-মহানির্বাহক (এএন্ডপি)  
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক, এলপিজিএল

অনুলিপি:

- ১) কমিটির সকল সদস্যবৃন্দ, এলপিজিএল, চট্টগ্রাম ও কৈলাশটিলা প্ল্যান্ট।
- ২) ব্যবস্থাপনা পরিচালক, এলপিজিএল চট্টগ্রাম-সদয় অবগতির জন্য।
- ৩) অফিস কপি।